দৈনিক ইত্তেফাক

তারিখ 22 JUN 2007
পৃঃ ১ কলাম ৭

# একাদশ শ্রেণীতে ভর্তির জন্য বাছাই বা পরীক্ষা হবে না

## না মানলে শাস্তিমূলক ব্যবস্থা ● ভর্তি ২৬ জুলাই ● ১ আগস্ট ক্লাস শুরু

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

সরকার ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তির নীতিমালা ঘোষণা করেছে। নীতিমালা অনুযায়ী ভর্তির জন্য কোন বাছাই বা ভর্তি পরীক্ষা হবে না। পরীক্ষার্থীদের এসএসসি বা সমমানের ফলাফলের ভিত্তিতে ভর্তি করা হবে। গতকাল বৃহস্পতিবার এক তথ্য বিবরণীতে বলা হয়, এ নীতিমালার কোন ব্যত্যয় ঘটলে বেসরকারি কলেজের ক্ষেত্রে পাঠদান অনুমতি বাতিল বা স্বীকৃতি বাতিলসহ এমপিও-ভুক্তি বাতিল করা হবে এবং সরকারি কলেজের ক্ষেত্রে সংশ্লিষ্ট অধ্যক্ষের বিরুদ্ধে শৃঙ্খলা ভঙ্গমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

তথ্যবিবরণীতে বলা হয়, এবার জিপিএ-৫ প্রাপ্ত প্রার্থীদের ৪৩ পয়েন্ট ধরে ক্রমান্বয়ে ৪০ পয়েন্ট প্রাপ্ত পরীক্ষার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বিজ্ঞান শাখায় ভর্তির ক্ষেত্রে সমপয়েন্ট প্রাপ্ত প্রার্থীদের পর্যায়ক্রমে সাধারণ গণিত, উচ্চতর গণিত, ইংরেজি, পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান ও জীববিজ্ঞানের ৫ পয়েন্ট প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। তাতেও সমপয়েন্ট প্রাপ্তি (২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

### একাদশ শ্রেণীতে

(প্রথম পৃঃ পর)

সমস্যার সমাধান না হলে নিয়মিত পরীক্ষার্থীদের জ্যেষ্ঠ জন্ম তারিখ সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

বিভাগীয় ও জেলা সদরের কলেজসমূহে ভর্তির ক্ষেত্রে ১০ শতাংশ আসন সদরের বাইরের শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত রেখে বাকি আসন সবার জন্য উন্মুক্ত থাকবে। তবে নীতিমালা যাই হোক না কেন, স্কুল অ্যান্ড কলেজের ক্ষেত্রে নিজ প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অগ্রাধিকার পাবে। আবেদন প্রাপ্তির পর কোন কলেজ তার আসন সংখ্যার সমান সংখ্যক ভর্তিযোগ্য প্রার্থীদের একটি মেধাক্রম তালিকা এবং মোট আসন সংখ্যার ২৫ শতাংশ অপেক্ষমাণ তালিকা কলেজের নোটিস বোর্ডে প্রকাশ করবে।

২০০৫, ২০০৬ ও ২০০৭ সালে অনুষ্ঠিত এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত যে কোন কলেজে ভর্তি হতে পারবে। বিজ্ঞান শাখা থেকে পাস করা শিক্ষার্থীরা বিজ্ঞান, মানবিক বা ব্যবসা শিক্ষা শাখার যে কোন একটিতে ভর্তি হতে পারবে। মানবিক ও ব্যবসা শিক্ষা শাখার শিক্ষার্থীরা মানবিক ও ব্যবসা শিক্ষা শাখার যে কোন একটিতে ভর্তি হতে পারবে।

ভর্তিচ্ছু প্রার্থীদের কাছ থেকে ভর্তির আবেদন ফরম বাবদ ১০ টাকা ও ভর্তি ব্যবস্থাপনা বাবদ ৫০ টাকা গ্রহণ করবে। শিক্ষার্থীরা ভর্তির সময় রেজিস্ট্রেশন ফি ৫০ টাকা, ক্রীড়া ফি ৫০ টাকা, রোভার স্কাউট/গার্লস গাইড ফি ১০ টাকা, বিজ্ঞান ও প্রযুক্তি ফি ৭ টাকা, শাখা বিষয় পরিবর্তন ফি ২৫ টাকা, পাঠ বিরতি ফি ১০০ টাকা, বিলম্ব পরীক্ষার ফি ৫০ টাকা রশিদ গ্রহণসাপেক্ষে প্রদান করবে।

একাদশ শ্রেণীতে ভর্তির তারিখ নির্ধারণ করা হয়েছে ২৬ জুলাই। তবে বিলম্ব ফিসহ ৫ আগস্টের মধ্যে ভর্তি হওয়া যাবে। ক্লাস শুরু হবে ১ আগস্ট থেকে।